

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ৮৯৬

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন


যেহেতু, নওগাঁ জেলার বদলগাছী উপজেলার কোলা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ওমর ফারুক কর্তৃক পাহারাদার গ্রামপুলিশ মোঃ আব্দুল মান্নানকে গোড়াউনের দরজা খুলে দেয়ার হুমকী দেয় ও রক্ষিত গম লুট করার অভিপ্রায়ে গুরুতর আঘাত করে। উল্লিখিত অভিযোগের কারণে উক্ত সদস্যদের বিরুদ্ধে ইতোমধ্যে বদলগাছী থানার ২৮/০৬/২০১৭ তারিখের দ: বি: ১৪৩/৩৩২/৩৩৩/৩০৭/৫০৬ ও ১১৪ ধারায় জি.আর ১৪৩/২০১৭ (বদল) নং মামলা দায়ের করা হয়। উক্ত মামলায় দাখিলকৃত অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জেলা প্রশাসক, নওগাঁ কর্তৃক উক্ত সদস্যকে তাঁর স্বীয় পদ থেকে সাময়িক বরখাস্তের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন;

যেহেতু, বিজ্ঞ আদালতে উল্লিখিত ইউনিয়ন পরিষদ সদস্যের বিরুদ্ধে বিচারাধীন মামলার অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং তাঁর কর্তৃক ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, নওগাঁ জেলার বদলগাছী উপজেলার কোলা ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ ওমর ফারুক এর বিরুদ্ধে বদলগাছী থানায় দায়েরকৃত জি.আর ১৪৩/২০১৭ (বদল) নং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং উক্ত ইউপি সদস্য কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিধায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪ উপধারা (১) অনুযায়ী উল্লিখিত ইউপি সদস্যকে তাঁদের স্বীয় পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.২৭.০০১.১৬. ৮৯৬

তারিখ : ২২ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ।
০৬ নভেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, বদলগাছী, নওগাঁ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব মোঃ ওমর ফারুক (সাময়িক বরখাস্তকৃত), সদস্য, ২নং ওয়ার্ড, কোলা ইউনিয়ন পরিষদ, বদলগাছী, নওগাঁ।


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব